গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হরিরামপুর, মানিকগঞ্জ।

স্মারক নং- ০৫.৩০.৫৬২৮.০০০.০৬.০০২.২৩- ১১ তারিখঃ ০২/০১/২০২৪খ্রিঃ।

## বাংলা ১৪৩১ সনের জন্য হরিরামপুর উপজেলার হাট-বাজার ইজারা প্রদানের জন্য দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ২১/০৯/২০১১ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১-৮৭০ নং স্মারক মূলে জারীকৃত 'সরকারি হাট-বাজার সমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা' এর আলোকে মানিকগঞ্জ জেলার হরিরামপুর উপজেলাধীন নিম্নেবর্ণিত হাট-বাজার সমূহ বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত নিম্নলিখিত শর্ত সাপেক্ষে আগ্রহী দরপত্র দাতাগণের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| | | |
|---|---|---|
| সিডিউল প্রাপ্তির স্থান | ১ | ক) জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ<br>খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হরিরামপুর, মানিকগঞ্জ<br>গ) সহকারী কমিশনার (ভূমি), হরিরামপুর, মানিকগঞ্জ<br>ঘ) ম্যানেজার, সোনালী ব্যাংক হরিরামপুর শাখা, মানিকগঞ্জ |
| দরপত্র দাখিলের স্থান | ২ | ক) জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ<br>খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হরিরামপুর, মানিকগঞ্জ<br>গ) সহকারী কমিশনার (ভূমি), হরিরামপুর, মানিকগঞ্জ |

**সিডিউল বিক্রয়, দরপত্র দাখিল ও দরপত্র খোলার সময়সূচি:**

| ইজারা পর্যায় | দরপত্র ফরম বিক্রির তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম | ১২/০২/২০২৪খ্রি. তারিখ হতে ১৩/০২/২০২৪খ্রি. তারিখ পর্যন্ত<br>অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১৪/০২/২০২৪খ্রি.<br>বেলা ১:৩০ঘ: পর্যন্ত | ১৪/০২/২০২৪খ্রি.<br>বেলা ২:৩০ঘ: | |
| ২য় | ০৫/০৩/২০২৪খ্রি. তারিখ হতে ০৬/০৩/২০২৪খ্রি. তারিখ পর্যন্ত<br>অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০৭/০৩/২০২৪খ্রি:<br>বেলা ১:৩০ঘ: পর্যন্ত | ০৭/০৩/২০২৪খ্রি.<br>বেলা ২:৩০ঘ: | ১ম পর্যায়ে ইজারকৃত হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য নয়। |
| ৩য় | ২৭/০৩/২০২৪খ্রি.তারিখ<br>অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৮/০৩/২০২৪খ্রি.<br>বেলা ১:৩০ঘ: পর্যন্ত | ২৮/০৩/২০২৪খ্রি.<br>বেলা ২:৩০ঘ: | ২য় পর্যায়ে ইজারকৃত হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য নয়। |

**বাংলা ১৪৩১ সনের জন্য ইজারাযোগ্য হাট-বাজার বিবরণী**

| ক্রমিক নং | উপজেলা নাম | হাট-বাজারের নাম | বাংলা ১৪৩১ সনের সম্ভাব্য ইজারা মূল্য | দরপত্র সিডিউলের মূল্য (অফেরত যোগ্য) |
|---|---|---|---|---|
| ০১ | হরিরামপুর | নয়ার হাট | ৬২,০১,০০০ | ১৩,৫০০ |
| ০২ | | বলড়া বাজার | ৫০০ | ১০০ |
| ০৩ | | বহলাতলী বাজার | ৫০০ | ১০০ |
| ০৪ | | কাঠাপাড়া বাজার | ৯২,০০০ | ৫০০ |
| ০৫ | | ঝিটকা বাজার | ২৬,২৩,০০০ | ৬,১০০ |
| ০৬ | | ভগবানচর বাজার | ১,১৩,৫০০ | ১,০০০ |
| ০৭ | | হরিহরদিয়া বাজার | ৪৫,৫০০ | ৫০০ |
| ০৮ | | নটাখোলা বাজার | ২,৮০০ | ৫০০ |
| ০৯ | | পাটগ্রাম বাজার | ১,৫০০ | ১০০ |
| ১০ | | গংগারামপুর বাজার | ১,১০০ | ১০০ |
| ১১ | | মাচাইন বাজার | ৬৮,০০০ | ৫০০ |
| ১২ | | বাস্তা বাজার | ৬৪,০০০ | ৫০০ |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | | ভাদিয়াখোলা বাজার | ৫০০ | ১০০ |
| ১৪ | | বাল্লা নতুন বাজার | ৫০০ | ১০০ |
| ১৫ | | আন্ধারমানিক বাজার | ৫০০ | ১০০ |
| ১৬ | | লেছড়াগঞ্জ বাজার | ৩০,৫০০ | ৫০০ |
| ১৭ | | কুটির বাজার | ৫,০০০ | ৫০০ |
| ১৮ | | মানিকনগর বাজার | ৯৩,৫০০ | ৫০০ |
| ১৯ | | বাহিরচর বাজার | ৫০০ | ১০০ |
| ২০ | | দক্ষিন চাদপুর বাজার | ৫০০ | ১০০ |
| ২১ | | দিয়াবাড়ী বাজার | ৫০০ | ১০০ |
| ২২ | | সট্টি বাজার | ৫০০ | ১০০ |
| ২৩ | | কচুয়া বাজার | ৫০০ | ১০০ |
| ২৪ | | চালা বাজার | ৫০০ | ১০০ |
| ২৫ | | ধুলশুরা বাজার | ৫০০ | ১০০ |
| ২৬ | | বোয়ালী বাজার | ৫০০ | ১০০ |
| ২৭ | | বাহাদুরপুর বাজার | ২,৫০০ | ১০০ |

**শর্তাবলীঃ**

১। দরপত্র দাতাকে উদ্বৃত মূল্যের ৩০% (শত করা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, হরিরামপুর, মানিকগঞ্জ এর অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিষ্কার পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি সাধন উক্ত জামানত হতে তা মিটানো হবে এবং বৎসর শেষে জামানতের অব্যবহৃত টাকা জমাকারীকে ফেরৎ দেয়া হবে।

২। যার দরপত্র গৃহিত হবে অর্থাৎ সফল দরপত্র দাতা পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে ইজারা মূল্যের অবশিষ্ট ৭৫% (শত করা পচাত্তর ভাগ) অর্থ ইজারা মূল্যের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% মূল্য সংযোজন করা (ভ্যাট) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। ইজারা মূল্য, ভ্যাট ও আয়করের অর্থ কিস্তিতে পরিশোধের আবেদন কোন ভাবেই বিবেচনা করা হবে না।

৩। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সম্ভাব্য মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৪। এক হাট-বাজরের জন্য বিক্রয়কৃত সিডিউল অন্য হাট-বাজারের জন্য দরপত্র সিডিউল হিসেবে ব্যবহার করা যাবে না।

৫। খামের উপর হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৬। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

৭। ইজারা গ্রহিতা কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব লিজ দিতে পারবে না।

৮। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক চুক্তি সম্পাদন করতে হবে।

৯। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১১। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১২। চুক্তি পত্রের যে কোন শর্ত ভঙ্গ করা হলে ইজারা বাতিল করা হবে।

১৩। হাট-বাজার ইজারার টাকা সরকারী দাবী অনুযায়ী সার্টিফিকেট মামলা দায়েরের মাধ্যমে আদায় করা যাবে।

১৪। কোন প্রকার ঘষা মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। জাতীয় সনদপত্র জমা দিতে হবে।

১৬। দরপত্রে মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

১৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

মোঃ শাহরিয়ার রহমান
উপজেলা নির্বাহী অফিসার
হরিরামপুর, মানিকগঞ্জ।

CamScanner

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। মাননীয় সংসদ সদস্য, ১৬৯ মানিকগঞ্জ-২, বাংলাদেশ জাতীয় সংসদ।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
০৩। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
০৪। পুলিশ সুপার, মানিকগঞ্জ।
০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক), মানিকগঞ্জ।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিরামপুর, মানিকগঞ্জ।
০৭। উপজেলা নির্বাহী অফিসার............................ মানিকগঞ্জ।
০৮। সহকারী কমিশনার (ভূমি), হরিরামপুর, মানিকগঞ্জ।
০৯। উপজেলা ......................... কর্মকর্তা, হরিরামপুর, মানিকগঞ্জ।
১০। চেয়ারম্যান......................................ইউনিয়ন পরিষদ (সকল) হরিরামপুর। দরপত্র বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট হাট-বাজারে ঢোলসহতরসহ ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১১। ...............................................ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা হরিরামপুর। দরপত্র বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট হাট-বাজারে ঢোলসহতরসহ ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১২। সভাপতি/সম্পাদক .........................হাট-বাজার, হরিরামপুর, মানিকগঞ্জ।
১৩। সম্পাদক, দৈনিক ....................... । দরপত্র বিজ্ঞপ্তি স্বল্প পরিসরে পরবর্তী সংখ্যায় প্রকাশ করে ১০ (দশ) কপি পত্রিকা অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৪। ইজারাদার ......................................হাট-বাজার,হরিরামপুর, মানিকগঞ্জ।
১৫। জনাব ....................................
১৬। নোটিশ বোর্ড, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হরিরামপুর, মানিকগঞ্জ।
১৭। অফিস কপি।

২/৪/২৪

মোঃ শাহরিয়ার রহমান
উপজেলা নির্বাহী অফিসার
হরিরামপুর, মানিকগঞ্জ।

CamScanner